নবাগত ওসি সাইফুল ইসলামের সাথে বণিক সমিতির নেতৃবৃন্দর সৌজন্য সাক্ষাত

আলমডাঙ্গায় নবাগত ওসি সাইফুল ইসলামের সাথে সৌজন্য সাক্ষাত করেছে আলমডাঙ্গার বণিক সমিতির নেতৃবৃন্দ। শুক্রবার (২৪ সেপ্টেম্বর) রাত ৯টার দিকে ওসির অফিস কক্ষে এ সৌজন্য সাক্ষাত করেন।

সাক্ষাতে ওসি সাইফুল ইসলাম বলেন, আইনশৃঙ্খলা পরিস্থি স্বাভাবিক রাখতে এবং কোভিড-১৯ এর প্রয়োজনে পূণরায় লকডাউন কিংবা সামাজিক দুরত্ব বজায় রেখে তারা ব্যবসা পরিচালনা করার জন্যে সমিতির সহযোগিতা চান।

সৌজন্য সাক্ষাতে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা বণিক সমিতির সভাপতি আরেফিন মিয়া মিলন, সাধারণ সম্পাদক কামাল হোসেন, সহ-সভাপতি কামরুজ্জামান হিরা, যুগ্নসম্পাদক রফিকুল ইসলাম, শরিফুল ইসলাম, কোষাধ্যক্ষ আলাউদ্দিন, সাংগঠনিক সম্পাদক আব্দুল লতিফ, দপ্তর সম্পাদক আয়ুব হোসেন, ক্রিয়া সম্পাদক বাবলুর রহমান, এছাড়াও কার্যনির্বাহ সদস্য জাহাঙ্গীর আলম, জয়নাল ক্যাপ, তোতা, কাবলু, মতিয়ার রহমান প্রমূখ।

আলমডাঙ্গার বাড়াদি ইউনিয়ন পরিষদ নির্বাচনে মাসুম বিল্লাহর গণসংযোগ

আলমডাঙ্গার বাড়াদি ইউনিয়ন পরিষদ নির্বাচনকে ঘিরে তরুন ছাত্রলীগ নেতা মাসুম বিল্লাহ গণসংযোগ করেছে। শনিবার বাড়াদি ইউনিয়নের নতিডাঙ্গা, পোলতাডাঙ্গা, গোপালনগর, গোয়ালবাড়িসহ বিভিন্ন গ্রামে নির্বাচনি গণসংযোগ করেছেন। এ সময় আসন্ন ইউনিয়ন পরিষদ

নির্বাচনে তাদের নিকট দোয়া কামণা করেন।

গণসংযোগকালীন সময়ে মাসুম বিল্লাহ বলেন, আসন্ন বাড়াদি ইউনিয়ন পরিষদের নির্বাচন। আমি বাড়াদি ইউনিয়ন আওয়ামীলীগের সাবেক সভাপতি মরহুম আব্দুর রাজ্জাকের ভাতিজা। চাচা অনুপ্রেরণায় আওয়ামীলীগের প্রার্থী হিসাবে নৌকা প্রতিক নিয়ে নির্বাচন মাঠে আসতে চায়।

এই অবহেলিত বাড়াদি ইউনিয়ন বাসীর বিভিন্ন উন্নয়ন কাজের সাথে সম্পৃক্ততা থেকে মানুষের সুখ দুঃখে পাশে থাকতে পারি। আমি তরুন ছাত্র নেতা থেকেই ইউনিয়ন পরিষদের নির্বাচনে অংশগ্রহণ করছি। আপনারা আমার সাথে থাকবেন এবং দোয়া রাখবেন।

গণসংযোগে উপস্থিত ছিলেন বাড়াদী ইউনিয়ন ৮ ওয়াড আওয়ামীলিগের সভাপতি আব্দুল হান্নান মন্ডল, ইউনিয়ন কৃষক লীগের সাধারণ সম্পাদক আনুছদ্দিন, আজিবার রহমান, জনি, হাবি, হুমায়ূন, রাসেল, লিমন, বীর মুক্তিযোদ্ধা শুকুর আলি, রেজাউল হক, হোসেন আলি, ইকবাল মেম্বার(সাবেক), আব্দুল মজিদ, ৩নং ওয়াড আওয়ামীলিগের সভাপতি রেজাউল হক মেম্বার, ৪ নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি খাজা, ইউনুচ আলি, রমজান,জুয়েল,জামাল হোসেন,কুদ্দুস,আনারুল, ৮ নং ওয়াড সাধারন সম্পাদক হালিম মুন্সি, হালিম, সিদ্দিক, ৫ ওয়াড আওয়ামিলীগ সভাপতি আশাব্লু হক, বাবলু মেম্বার(সাবেক),লিউন, রানা, বদর,সাইফুল, মানোয়ার,আকতার, হোসেন, লিজন,শামীম,আরিফ, মজিদ, মিজান, মতিয়ার, শিপন, রকি, রতন, প্রমূখ।

মুজিবনগরের জয়পুর গ্রামে উন্নয়ন মূলুক কর্মী সভা অনুষ্ঠিত

মুজিবনগরের বাগোয়ান ইউনিয়নের জয়পুর গ্রামে ৪নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারন সম্পাদক ও সাম্ভব্য ইউপি সদস্য প্রার্থী আব্দুস সামাদ তার নির্বাচনী এলাকায় জনপ্রশাসন প্রতি মন্ত্রীর ফরহাদ হোসেনের বিভিন্ন উন্নয়নের দিক তুলে ধরে আলোচনা সভা করেছে।

শনিবার সন্ধ্যা রাতে জয়পুর গ্রামের উত্তর পাড়া ক্লাব চত্তরে উন্নয়নমুলক এ নির্বাচনী কর্মী সভা অনুষ্ঠিত হয়। ইউনিয়ন আওয়ামীলীগের সহ-সভাপতি সভাপতি নজরুল ইসলামের সভাপতিত্বে সভায় স্বাগত বক্তব্য রাখেন ৪নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারন সম্পাদক ও ওয়ার্ড ইউপি সদস্য প্রার্থী আব্দুস সামাদ।

ওই সময় উপস্থিত ছিলেন ও বক্তব্য রাখেন উপজেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষনা পরিষদের সাধারন সম্পাদক মোবারক হোসেন, আওয়ামীলীগের প্রবীন ব্যাক্তি আব্দুল কুদ্দুস, জামাত আলী, দীন মোহাম্মদ, জয়নাল আবেদীন, জাকের আলী, ও মাখন প্রমুখ।

অনুষ্ঠান সঞ্চলনায় ছিলেন ফয়সাল ইকবাল মিলন।

গাংনীতে ট্রাকের চাপায় পা হারালেন এক বৃদ্ধা নারী

মেহেরপুরের গাংনীতে ট্রাকের চাপায় পা হারালেন রুপালী খাতুন (৬০) নামের এক বৃদ্ধা নারী। শুক্রবার বিকেল সাড়ে ৫ টার দিকে উপজেলার আকুবপুর গ্রামের নব নির্মিত মসজিদ এলাকায় এ দুর্ঘটনা ঘটে। রুপালি খাতুন আকুবপুর গ্রামের আব্দুল বারেকের স্ত্রী।

স্থানীয় সূত্রে জানা গেছে, বৃদ্ধা রুপালী খাতুন পাকা রাস্তা পার হচ্ছিলেন। এ সময় কুষ্টিয়া-মেহেরপুর মহাসড়কে কুষ্টিয়ার দিক থেকে দ্রুতগতিতে আসা একটি ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে বৃদ্ধা রুপালি খাতুনকে ধাক্কা দেয়। ট্রাকের ধাক্কায় রুপালি খাতুন পাকা রাস্তার উপর লুটিয়ে পড়লে ট্রাকের চাকা তার ডান পায়ের উপর দিয়ে চলে যায়।

স্থানীয়রা ঘাতক ট্রাক ও হেল্পারকে আটক করলেও ড্রাইভার সুকৌশলে পালিয়ে যায়। ট্রাকের রেজিস্ট্রেশন নম্বর ঢাকা মেট্রো-ট- ২৪-০১০৩। স্থানীয়রা বৃদ্ধা রুপালি খাতুন কে উদ্ধার করে মুমুর্ষ অবস্থায় কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে ভর্তি করেন।

গাংনী থানা অফিসার ইনচার্জ বজলুর রহমান জানান, সড়ক দুর্ঘটনার

সংবাদ পেয়েছি ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে।

আলমডাঙ্গা প্রেসক্লাবের সাংবাদিকদের সাথে নবাগত অফিসার ইনচার্জের মতবিনিময়

আলমডাঙ্গা থানার নবাগত অফিসার ইনচার্জ সাইফুল ইসলাম সাংবাদিকদের সাথে মতবিনিময় করেছেন। শুক্রবার বিকেলে ওসির রুমে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। মত বিনিময় সভায় অফিসার ইনচার্জ সাইফুল ইসলাম বলেন,এলাকার আইন শৃঙ্খলার উন্নয়নে পুলিশের পাশাপাশি সাংবাদিকদেরও ভুমিকা আছে।

আজকে এই মত বিনিময় সভায় আপনাদের বক্তব্যের মাঝে অনেক কথা উঠে এসেছে। আপনারা মাদক, বাল্যবিয়ে,ইভটিজিং, আত্মহত্যাসহ অনেক বিষয়ে কথা বলেছেন। আমরা মাদকের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করবো। বাল্যবিয়ে আত্মহত্যার বিষয়ে সেমিনারের মাধ্যমে মানুষকে সচেতন করতে কাজ শুরু করবো।

যে কোন তথ্য আপনাদের জানা থাকলে আমাকে জানাবেন। আলমডাঙ্গা থানাকে অপরাধ মুক্ত রাখতে সকলের সহযোগিতা নিয়ে সর্বাত্মক চেস্টা করবো। আপনারাও আমাকে সহযোগিতা করবেন।

মতবিনিময় উপস্থিত ছিলেন আলমডাঙ্গা থানার ওসি তদন্ত (অপারেশন) শেখ মাহবুবুর রহমান, আলমডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু,, সাধারণ সম্পাদক খ,হামিদুল ইসলাম আজম,যুগ্ম সম্পাদক প্রশান্ত বিশ্বাস, সহ- সভাপতি শেখ শফিউদ্দিন, সহ সভাপতি জামসিদুল হক মুনি,ইউনুছ আলী মন্ডল,শরিফুল ইসলাম।

এ সময় আরও উপস্থিত ছিলেন-আলমডাঙ্গা প্রেসক্লাবের সহ সম্পাদক রুনু খন্দকার,কে এ মান্নান,অনিক সাইফুল,তানভীর আহম্মেদ সোহেল,আতিক হাসান,কাইরুল মামুন,গোলাম সরোয়ার সদু,সোহেল হুদা মনাহিদ হাসান, নাসির উদ্দিন, ডাবলু, সোহাগ, হাসন মালিক, গিটার প্রমুখ।

মেহেরপুরে ভাষা সৈনিক ও বীর মুক্তিযোদ্ধা ইসমাইল হোসেনের রাষ্ট্রীয় মর্যাদায় দাফন সম্পন্ন

মেহেরপুরের বিশিষ্ট ভাষা সৈনিক ও বীর মুক্তিযোদ্ধা ইসমাইল হোসেনকে পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় দাফন করা হয়েছে। শুক্রবার বাদ জুম্মা মেহেরপুর শহরের হোটেল বাজার জামে মসজিদের সামনে গার্ড অব অনার প্রদান করা হয়।

এ সময় জাতীয় পতাকা দিয়ে আচ্ছাদিত করে মরহুমের মরদেহে পুস্পমাল্য অর্পণ করা হয়। পুলিশের একটি চৌকস দল তাকে গার্ড অব অনার প্রদান করেন। সদর উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন রাষ্ট্রের পক্ষে সালাম গ্রহণ করেন।

এসময় বিহ্বলের করুন সুর বেজে ওঠে। পরে একই স্থানে জানাযা শেষে শহরের পুরাতন কবরস্থানে তাকে দাফন করা হয়।

এর আগে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন ও জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেন, জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসূল, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, জেলা পরিষদের সাবেক প্রশাসক অ্যাডভোকেট মিয়াজান আলী, পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, মরহুম ইসমাইল হোসেনের বড় ছেলে ফারুক হোসেন সেখানে বক্তব্য রাখেন।

মেহেরপুর জেলা আওয়ামী লীগ, মেহেরপুর জেলা যুবলীগ এবং কৃষক লীগের পক্ষ থেকে মরহুমের মরদেহে পুষ্প মাল্য অর্পণ করা হয়। এদিকে জানাযা ও দাফন কাজে জেলা প্রশাসক ড. মুহাম্মদ মুনসুর আলম খান, পুলিশ সুপার মোঃ রাফিউল আলম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) হাফিজ আল আসাদ, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল হালিম,যুগ্ম সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহীন, শহর আওয়ামী

লীগের সাধারণ সম্পাদক আক্কাস আলী, জেলা কৃষক লীগের সভাপতি মাহবুব আলম শান্তি, জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক শহিদুল ইসলাম পেরেশান, সরফরাজ হোসেন মৃদুলসহ বিভিন্ন শ্রেণীপেশার মানুষ উপস্থিত ছিলেন।

বৃহস্পতিবার দিবাগত রাত ১০ টার দিকে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মৃত্যুবরণ করেন। তিনি বেশ কিছুদিন যাবৎ বিভিন্ন রোগে ভুগছিলেন।

মাল্টাবাগান করে সফল কুষ্টিয়ার নারী উদ্যোক্তা ময়না খাতুন

মাল্টা বাগান করে সফল হয়েছেন কুষ্টিয়ার নারী উদ্যোক্তা ময়না খাতুন। তিনি ভেড়ামারা উপজেলার চাঁদগ্রাম ইউনিয়নের চন্ডিপুর এলাকার প্রবাসী আব্দুর রাজ্জাকের স্ত্রী।

৫-৬ বছর হলো ময়না খাতুন মাল্টা বাগান গড়ে তোলার পর তিনি সফলতা লাভ করেছেন এবং উপজেলার রোল মডেলে পরিণত হয়েছেন তিনি।

এ নারী উদ্যোক্তার স্বামী প্রায় দুই যুগ দক্ষিণ কোরিয়ায় থাকলেও মাল্টা বাগান নিয়ে ব্যতিব্যস্ত তিনি। অবশ্য এ বাগান তৈরির ব্যাপারে উৎসাহও প্রদান করে আসছেন তার স্বামী আব্দুর রাজ্জাক।

সরেজমিন গিয়ে ময়না খাতুনের মাল্টা বাগানে গিয়ে দেখা যায়, গাছে গাছে সবুজ পাতার আড়ালে ও ডালে ডালে ঝুলছে থোকায় থোকায় মাল্টা। বাতাসে মাল্টার টক-মিষ্টির গন্ধ। দুইজন শ্রমিক বাগান পরিচর্যায় ব্যস্ত। আর কোন গাছের পাতা ছিড়তে হবে গাছের গোড়া পরিষ্কার করতে হবে এসব নির্দেশনা দিচ্ছেন ময়না খাতুন।

পুরো বাগানটি একটি সবুজের ছায়াঘেরা। গেলো বছর তিন লাখ টাকার মাল্টা বিক্রি করেছেন তিনি। এ বছর তার বাগানে বেশ অনেক মাল্টা এসেছে। লাখ চারেক টাকার মাল্টা বিক্রি হবে বলে আশাব্যক্ত করেন তিনি।

মাল্টা বাগানেই কথা হয় ময়না খাতুনের সাথে। তিনি বলেন, স্বামীর

অনুপ্রেরণায় ২০১৭ সালে সিলেট থেকে ৫৭০টি বারি মালটা-১ এর চারা এনে ৬ বিঘা নিজের জমিতে মাল্টা বাগান গড়ে তুলি। বর্তমানে মাল্টার বাগান এখন দেখার মতো হয়েছে। আশান্বিত ফলও পেতে শুরু করেছি। কয়েক দিনের মধ্যে বিক্রি করা শুরু করবো বলেও জানান তিনি।

বাগান থেকেই পাইকারি ব্যবসায়ীরা এসে কিনে নিয়ে যায় বলে কোন ঝামেলাই হয়না বিক্রি করতে। এছাড়াও তার বাগানে সিডলেস ও চায়না লেবু এবং কিছু লিচু গাছও রয়েছে। প্রতিকেজি মাল্টা ১১০ থেকে ১২০ টাকায় বিক্রি হয়ে থাকে। এছাড়াও অনেক দর্শনার্থীরা এই বাগান পরিদর্শনে আসেন। এতে তিনি আনন্দও পান।

তবে নারী হিসেবে তাকে সফল হতে অনেক বেগ পেতে হয়েছে। শুনতে হয়েছে নানান জনের নানান কথা। তবুও দমে যাননি তিনি। নিজ প্রচেষ্টায় এগিয়ে গেছেন সামনের দিকে। এতোকিছুর পরেও একজন নারী হিসেবে ফলের বাগান গড়ে তোলা সেটি ছিলো অনেকটা দু:সাহসের ব্যাপারও বটে। ভবিষ্যতে নারীদের উজ্জীবিত হওয়ার জন্য কিছু করার ইচ্ছা রয়েছে বলেও জানান তিনি।
প্রায়ই দেখা যায় এই মাল্টা বাগান পরিদর্শনে অনেক দর্শনার্থী আসেন।

তেমনি কথা হয়, বিভাস চৌধুরীর সাথে। তিনি বলেন, বাগানে এসে নিজ হাতে ফল পেড়ে খাওয়ার মজাই আলাদা। বাগান ঘুরে নিজের কাছে অনেক ভালো লাগে এবং তরতাজা গাছপাকা মাল্টাও কিনতে পাওয়া যায়।

উপজেলার উপসহকারী কৃষি কর্মকর্তা রাজিবুল গোলাম রাজন বলেন, ‘মাল্টা একটি অর্থকরী ফসল। মাল্টা বারি-১ একটি উচ্চ ফলনশীল সুস্বাদু ফল। ময়না খাতুনের মাল্টার বাগানে আমি সবসময়ই নানান পরামর্শ প্রদান করে যাচ্ছি। তিনি বলেন, ভেড়ামারায় তার মতো এতোবড় মাল্টার বাগান আর নেই। তাকে কৃষি বিভাগের পক্ষ থেকে কেবল পরামর্শ প্রদান করেছি।

জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক ড. হায়াত মাহমুদ বলেন, একজন নারী হয়েও ময়না খাতুন এতো সুন্দর মাল্টা বাগান করে উপজেলাবাসীকে তাক লাগিয়ে দিয়েছে। তার বাগানে কোন প্রকার ক্ষতিকর কেমিক্যাল ব্যবহার করা হয় না। এমন সুন্দর বাগান এ অঞ্চলে মাল্টা উৎপাদনে অনেককেই উৎসাহিত করবে বলেও তিনি আশাবাদ ব্যক্ত করেন।

আলমডাঙ্গায় যাত্রীবাহী বাসের ধাক্কায় আলমসাধু চালকসহ ৫ জন গুরুত্বর আহত

যাত্রীবাহী বাসের ধাক্কায় আলমসাধুর ড্রাইভারসহ ৫ জন গুরুত্বর আহত হয়েছে। মঙ্গলবার সকাল ১১ টার দিকে পৌর এলাকার উত্তরা তেলপাম্পের নিকট এ দুর্ঘটনাটি ঘটে। এ ঘটনায় স্থানীয়রা উদ্ধার করে আলমডাঙ্গার একটি প্রাইভেট হাসপাতালে ভর্তি করা।

জানাগেছে, আলমডাঙ্গার পৌর এলাকার এরশাদপুর গ্রামের সমসের আলির ছেলে জাহাঙ্গীর আলম আলমসাধু ড্রাইভার চুয়াডাঙ্গা থেকে যাত্রী নিয়ে আসছিলো। এসময় আলমডাঙ্গার গোবিন্দপুর মাঠপাড়ার নিকট পৌঁছালে চুয়াডাঙ্গা থেকে ছেড়ে আসা যাত্রীবাহী বাস আলমসাধু গাড়িতে ধাক্কা মারে।

নিয়ন্ত্রণ হারিয়ে সকলে রাস্তার উপরে ছিটকে পড়ে। এতে ভবানীপুর গ্রামের নাসিরের ছেলে সামিম, মোচাইনগর গ্রামের উকিল উদ্দিনের মেয়ে মহিমা খাতুন, আব্দুল খালেকে ছেলে সাব্বির সহ ৫ জন গুরুত্বর আহত হয়।

স্থানীয়রা উদ্ধার করে একটি ক্লিনিকে ভর্তি করে। এ দুর্ঘটনায় আলমসাধু গাড়ির ড্রাইভার জাহাঙ্গীর আলম ও সামিমের অবস্থা আশংকা জনক হওয়ায় কুষ্টিয়া জেনারেল হাসপাতালে রেফার্ড করা হয়।

মেহেরপুরের ছাত্রলীগ হবে

সবচেয়ে আদর্শিক ছাত্রলীগ” জনপ্রশাসন প্রতিমন্ত্রী

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন বলেছেন, রাজনীতির প্রথম সোপান হচ্ছে ছাত্রলীগ। ছাত্রলীগ আমাদের জাতির পিতার হাতে গড়া সংগঠন। ছাত্রলীগের যে স্লোগান শিক্ষা, শান্তি, প্রগতি সেই শিক্ষা অর্জন করতে হবে।

আর শিক্ষা অর্জনের মধ্যদিয়ে শান্তি আসবে। আমরা নিজের পায়ে দাঁড়াতে পারবো। আমরা আমাদের মেধা দিয়ে, বুদ্ধি দিয়ে আমাদের আত্মবিশ্বাস দিয়ে গরীব দুঃখী মানুষের পাশে দাঁড়াতে পারবো। ছাত্রলীগ লেখাপড়া করবে, তৈরী করবে আগামীর ভবিষ্যত।

তিনি বলেন, মেহেরপুরের ছাত্রলীগ হবে সবচেয়ে আদর্শিক ছাত্রলীগ। আর ছাত্রলীগ হচ্ছে একটি ট্রেনিং সেন্টার, ছাত্রলীগের আদর্শ হবে দেশ গড়ার আদর্শ। তোমরা মানুষকে ভালোবাস, মানুষ তোমাদের জন্য জীবন দিতে প্রস্তুত থাকবে।

তিনি আরও বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ছাত্রলীগ তৈরী করেছিলেন। তিনি ছাত্রলীগের একজন নেতা ছিলেন এবং সেই নেতাই একদিন সর্বকালের সর্বশ্রেষ্ঠ নেতাই পরিণত হয়েছিলেন। আমাদের ভাবতে হবে এই সংগঠন আমাদের জাতির পিতার সংগঠন। আজ যারা ছাত্রলীগে আছেন একটা সময়ে তারাই এই আওয়ামী লীগের নেতৃত্ব দেবে, দেশের নেতৃত্ব দেবে।

গতকাল মঙ্গলবার বিকেলে মেহেরপুর কমিউনিটি সেন্টারে জেলা ছাত্রলীগের উদ্যোগে অনুষ্ঠিত কর্মী সভায় প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন। সভায় সভাপতিত্ব করেন জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধন। মেহেরপুর সরকারি কলেজ শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক কুতুব উদ্দিনের সঞ্চালনায় কর্মী সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

কর্মীসভায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন মেহেরপুর সরকারি কলেজ শাখা ছাত্রলীগের সভাপতি আদিব হোসেন আসিফ, উপজেলা সভাপতি খন্দকার জুলকার নাইন বাইজিদ, মুজিবনগর উপজেলা সভাপতি হেলাল উদ্দিন লাভলু, সাধারণ সম্পাদক শেখ সাকিব, গাংনী উপজেলা ছাত্রলীগের সাধারণ

সম্পাদক শাহজাহান আলী সহ জেলা এবং উপজেলার ছাত্রলীগের বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় অফিসার্স ক্লাবে আয়োজনে ওসিকে বিদায় সংবর্ধনা

আলমডাঙ্গা অফিসার্স ওয়ের ফেয়ার ক্লাবের আয়োজনে অফিসার ইনচার্জ আলমগীর কবীরের বিদায় সংবর্ধনা দেওয়া হয়েছে। গতকাল সোমবার বিকাল ৪টার সময় উপজেলা পরিষদের হল রুমে বিদায় সংবর্দনা দেওয়া হয়। তাকে চুয়াডাঙ্গা জেলা পুলিশের বিশেষ শাখা (ডিএসবি) তে বদলী করা হয়েছে।

নতুন অফিসার ইনচার্জ হিসেবে যোগদান করবেন জীবন নগর থানার অফিসার ইনচার্জ সাইফুল ইসলাম ।

দীর্ঘ প্রায় ১৮ মাসে অফিসার ইনচার্জ হিসেবে দায়িত্ব পালন করেছেন। সম্প্রতি তাকে চুয়াডাঙ্গা জেলা পুলিশের বিশেষ শাখা(ডিএসবি)তে বদলি করা হয়েছে।

বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নূরের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন।

বিশেষ অতিথি ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান অ্যাড. সালমুন আহমেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, বিদায়ী অফিসার ইনচার্জ আলমগীর কবীর, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. হাদী জিয়া উদ্দিন আহমেদ সাঈদ, উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডা. আব্দুল্লাহিল কাফি।

কৃষি সম্প্রসারণ কর্মকর্তা সোহেল রানার উপস্থাপনায় উপস্থিত ছিলেন সমবায় অফিসার মুজিবুর রহমান, আলমডাঙ্গার আবাসিক প্রকৌশলী হাবিবুর রহমান, জনস্বাস্থ্য প্রকৌশলী হাসিবুজ্জামান, সমাজ সেবা অফিসার নাজমুল হোসেন, মৎস্য সম্প্রসারন কর্মকর্তা আব্দুল মালেক প্রমুখ।